গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-২ শাখা

সুরক্ষা সেবা বিভাগের আওতাভুক্ত কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১৪তম সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | নাসিমুল গনি<br>সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২৫/০৬/২০২৫ |
| সভার সময় | বেলা ১২.৩০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |
| সম্মেলন | |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৩ম পিএসসি সভার কার্যবিবরণী ডি-নথিতে সংশ্লিষ্ট সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হলো।

৩। তিনি প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক সভায় জানান, জুলাই ২০১৫ হতে জুন ২০২৭ মেয়াদে ২৪০.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের মে ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১২৯.২৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৩.৮৪% এবং ভৌত অগ্রগতি ৫৫%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ৪০.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৩০.০০ কোটি টাকা, যা বরাদ্দের ৭৫%। মে ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ২৪.৭৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৬১.৮৫%।

৪। তিনি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আরো বলেন, চলতি ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত ৪০.০০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে। ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ (১ম সংশোধিত) প্রকল্পের ব্যয় বৃদ্ধি (জুন ২০২৭) ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে অনুমোদিত হয়েছে।

৫। প্রকল্প পরিচালক আরো জানান, প্রশাসনিক ভবনের কাঠামো সম্পন্ন, গাঁথনী ও প্লাস্টার এর কাজ চলমান। পুরুষ ও মহিলা সাক্ষাতকার কক্ষের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের ফিনিশিং কাজ চলমান। ১২৫০ বর্গফুট সিনিয়র জেল সুপারের বাসভবন এবং ১০০০ ও ৮০০ বর্গফুট আবাসিক ভবন হস্তান্তরের জন্য প্রস্তুত। ৬০০ বর্গ ফুট ১টি ভবন হস্থান্তর করা হয়েছে। ৩টি রিজার্ভার এর নির্মাণ সম্পন্ন, পেরিমিটার ওয়াল, ও সেগ্রিগেশন ওয়াল, ড্রেন ও রাস্তার কাজ চলমান। সাব-স্টেশন বিল্ডিং এর ১ম তলার ছাদ ঢালাই সম্পন্ন। বহি: বিদ্যুতায়নের ৫০০কেভিএ ও ১২৫০কেভিএ সাব-স্টেশন নির্মাণ কাজ চলমান। বাউন্ডারী ওয়াল, জেল স্টাফ ক্লাব এবং অবজারভেশন টাওয়ারের কাজ চলমান। কনভিক্টেড প্রিজনার্স ভবন ও জেল স্টাফ ক্লাবের ছাদ ঢালাই কাজ চলমান। ক্যান্টিন এবং ওয়েটিং (পুরুষ/মহিলা) গ্রেড বিম সম্পন্ন, স্টীলের

কাজ চলমান। পুরুষ হাসপাতাল এর ৩য় তলার গ্রীল ও টাইলস এর কাজ চলমান। মানসিক ওয়ার্ড এর ফিনিশিং কাজ চলমান।

৬। সভায় নির্মিত ভবন সমূহ হস্তান্তরের বিষয়ে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক জানান, ১টি ভবন ইতোমধ্যে হস্তান্তর করা হয়েছে এবং বাকি ৩টি ভবন হস্তান্তরের জন্য প্রস্তুত রয়েছে। কারা মহাপরিদর্শক জানান, ভবনসমূহ হস্তান্তর গ্রহণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৭। প্রকল্প পরিচালক আরো জানান, প্রকল্পের আওতায় STP (Sewage Treatment Plant) খাতে ৪০০.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। কিন্তু Sewage Treatment Plant যথাযথভাবে বাস্তবায়নের ১০০০.০০ লক্ষ টাকার প্রয়োজন হবে। উপসচিব, (পরিকল্পনা-১) জানান, অতিরিক্ত বরাদ্দ সংস্থান কিভাবে হবে জানতে চাওয়া হলে এর প্রত্যুত্তরে প্রকল্প পরিচালক জানান, আন্ত:অঙ্গ সমন্বয়ের মাধ্যমে বরাদ্দ সমন্বয় করা হবে। উপসচিব, (পরিকল্পনা-১) আরো ইতোমধ্যে আন্ত:অঙ্গ সমন্বয়ের শর্তে বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজের জন্য ব্যয় বৃদ্ধির পূর্বানুমোদনের জন্য ভৌত অবাকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। এ বিষয় দুইটি সম্প্রতি অনুমোদিত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির সময় উপস্থাপন করার প্রয়োজন ছিল।

সভায় Sewage Treatment Plant কোথায় কোথায় স্থাপন করা হয়েছে জানতে চাওয়া হলে গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বলেন, জাজেস কোয়ার্টার আজিমপুর ও কাকরাইলে এ STP (Sewage Treatment Plant) চালু রয়েছে।এর ধারণক্ষমতা ৫০০ kld।

কারা মহাপরিদর্শক জানান, Sewage Treatment Plant স্থাপনে নিখুঁতভাবে ডিজাইজ প্লানিং করতে হবে। এছাড়াও তিনি জানান, কারাগারের প্রকল্প নির্মাণের পর কারাগার পরিচালনার সক্ষমতার জন্য জনবল, মেশিনারি এবং সরঞ্জামাদির যথাযথভাবে সমন্বয় করা সম্ভব হচ্ছে না। এক্ষেত্রে রাজস্ব খাতে বরাদ্দ বৃদ্ধির প্রয়োজন রয়েছে।

৮। **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

৮.১) সমাপ্ত ভবনসমূহ হস্তান্তর প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে;
(৮.২) প্রকল্পের তথ্যাদি e-Pmis সফটওয়্যারে এন্ট্রি প্রদানে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
(৮.৩) আগামী ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Work Plan) ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(৮.৪) বাউন্ডারী ওয়ালের উচ্চতা বৃদ্ধির বিষয়ে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যথাযথ নকশা ও প্রাক্কলন প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করতে হবে;
(৮.৫) STP সহ অন্যান্য ভৌত অঙ্গের সম্ভাব্য চূড়ান্ত পুনঃপ্রাক্কলিত ব্যয় সমূহের প্রস্তাব দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৬/২৫

নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০২.২৪. ২৮ তারিখ: ৩০/০১/২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৭) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
৮) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৯) যুগ্মসচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১০) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পিএন্ডএসপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায় প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
১৩) প্রকল্প পরিচালক, "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ" শীর্ষক প্রকল্প, ঢাকা
১৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-১, গনপূর্ত অধিদপ্তর
১৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১৬) সহকারী সচিব (পরি-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ
১৭) সহকারী কারা মহাপরিদর্শক, উন্নয়ন, কারা অধিদপ্তর

৩০/০১/২০২৫
মোঃ শহীদ আতাহার হোসেন
উপসচিব